# চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা, চট্টগ্রাম

মোবাইল: ০১৮১৯-৯৩০৪৮৮


**তারিখ:**০১.০৪.২০২৬

প্রেস বিজ্ঞপ্তি

## চকবাজারে অবৈধ বিলবোর্ড উচ্ছেদে মেয়র, নিজ ব্যানার নিজ হাতে অপসারণ; ফুটপাত দখলকারীদের সতর্কতা

চট্টগ্রাম নগরীর ব্যস্ত চকবাজার এলাকায় অবৈধ বিলবোর্ড, ব্যানার ও পোস্টার উচ্ছেদে অভিযান পরিচালনা করেছে চট্টগ্রাম সিটি কর্পোরেশন (চসিক)। বুধবার দুপুরে অলিখাঁ মসজিদ মোড় থেকে শুরু হওয়া এ অভিযানে সরাসরি নেতৃত্ব দেন সিটি মেয়র ডা. শাহাদাত হোসেন। অভিযান চলাকালে সড়ক ও বিভিন্ন স্থাপনায় টাঙানো অবৈধ বিলবোর্ড, ব্যানার ও পোস্টার অপসারণ করা হয়। এ সময় মেয়র ডা. শাহাদাত হোসেন নিজের ছবি সম্বলিত একাধিক ব্যানার নিজ হাতে অপসারণ করে একটি ব্যতিক্রমী দৃষ্টান্ত স্থাপন করেন। তার এই পদক্ষেপ উপস্থিত জনসাধারণের মধ্যে ইতিবাচক সাড়া ফেলে এবং নগর ব্যবস্থাপনায় সমতা ও আইনের প্রয়োগের বার্তা দেয়। মেয়র বলেন, "নগরীর সৌন্দর্য ও শৃঙ্খলা রক্ষায় অবৈধ কোনো বিলবোর্ড বা



ব্যানার সহ্য করা হবে না। আইন সবার জন্য সমান—আমার ক্ষেত্রেও এর ব্যতিক্রম নয়।" তিনি আরও জানান, নগরকে পরিচ্ছন্ন ও দৃষ্টিনন্দন রাখতে এ ধরনের অভিযান ধারাবাহিকভাবে পরিচালনা করা হবে। অভিযানের সময় ফুটপাত দখল করে ব্যবসায়িক মালামাল রাখার অভিযোগে দোকান মালিকদের সতর্ক করা হয়। মেয়র নিজে হেঁটে বিভিন্ন দোকানের সামনে গিয়ে ফুটপাত থেকে মালামাল সরিয়ে নেওয়ার নির্দেশ দেন। তিনি বলেন, "ফুটপাত পথচারীদের জন্য—এটি দখল করে ব্যবসা পরিচালনা করা কোনোভাবেই গ্রহণযোগ্য নয়।" ভবিষ্যতে এ ধরনের অনিয়ম অব্যাহত থাকলে কঠোর আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে বলেও হুঁশিয়ারি দেন তিনি। স্থানীয় বাসিন্দারা জানান, দীর্ঘদিন ধরে চকবাজার এলাকায় অবৈধ ব্যানার-পোস্টার ও ফুটপাত দখলের কারণে জনদুর্ভোগ তৈরি হচ্ছিল। চসিকের এ অভিযানে তারা স্বস্তি প্রকাশ করেন এবং নিয়মিত এ ধরনের কার্যক্রম চালু রাখার দাবি জানান। চসিকের সংশ্লিষ্ট কর্মকর্তারা জানান, নগরীর গুরুত্বপূর্ণ সড়ক ও জনসমাগমপূর্ণ এলাকায় অবৈধ স্থাপনা উচ্ছেদ ও ফুটপাত দখলমুক্ত রাখতে অভিযান আরও জোরদার করা হবে। নগরবাসীর জন্য একটি পরিচ্ছন্ন, নিরাপদ ও বাসযোগ্য পরিবেশ নিশ্চিত করাই এ উদ্যোগের মূল লক্ষ্য বলে তারা উল্লেখ করেন।

## হনুমান জয়ন্তী অনুষ্ঠানের মঙ্গলশোভাযাত্রা উদ্বোধনকালে মেয়র ডা. শাহাদাত হোসেন
### চট্টগ্রামকে নিরাপদ ও ক্লিন সিটি গড়ে তুলতে সকল ধর্মের বর্ণের মানুষকে ঐক্যবদ্ধ হতে হবে

চট্টগ্রামকে নিরাপদ,হেলদি ও ক্লিন সিটি গড়ে তুলতে সকল ধর্মের বর্ণের মানুষকে ঐক্যবদ্ধ হতে হবে বলে মন্তব্য করেছেন চট্টগ্রাম সিটি করপোরেশনের মেয়র ডা. শাহাদাত হোসেন। বুধবার (১ এপ্রিল) সকালে নগরীর জেএমসেন চত্বরে শ্রীশ্রী হনুমান জয়ন্তী উদযাপন ১৪৩২ উপলক্ষে মঙ্গলশোভাযাত্রা উদ্বোধনকালে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ মন্তব্য করেন। অনুষ্ঠানে মহান অতিথি ছিলেন চট্টগ্রাম মহানগর বিএনপির সাবেক সাধারণ সম্পাদক আবুল হাশেম বক্কর। মেয়র ডা. শাহাদাত হোসেন বলেন, এই শহরকে আমাদের সন্তানের মতো। শহরের যত্ন নিতে হবে। গতবছর বর্ষায় জলবদ্ধতা থেকে মানুষ ৬০শতাংশ রক্ষা পেয়েছে। এবার আমাদের টার্গেট আছে জলাবদ্ধতা সমস্যা ৮০ থেকে ৯০ শতাংশ সমাধান হয়ে যায়। তাই নগরবাসীকে সচেতন হতে হবে। নালা বা খানে ময়লা আজর্বনা ফেলা যাবে না। জনগণের সচেতনতা খুবই গুরুত্বপূর্ণ। এছাড়া বর্ষা মৌসুমে ডেঙ্গুর প্রকোপ দেখা দেয়। ডেঙ্গু থেকে রক্ষর জন্য সিটি করপোরেশন নানা উদ্যোগ গ্রহণ করেছে। বাসা বাড়ির আশেপাশে পরিষ্কার রাখতে হবে। পানি যাতে জমে না থাকে সেদিকে নজর রাখতে হবে। মেয়র বলেন, আমি দায়িত্ব নেওয়ার পর থেকে বলছি, চট্টগ্রাম শহর হবে সকল ধর্ম বর্ণের মানুষের নিরাপদ শহর। একজন ব্যক্তিও অনিরাপদে থাকবে না। চট্টগ্রাম শহরে মুসলিম রয়েছে, রয়েছে হিনাদু বৌদ্ধ, খ্রীস্টান, পাহাড়ি। তাই চট্টগ্রাম শহর একটি সকল জাতিগোষ্ঠীর বৈচিত্রময় শহর। আমি সকল নাগরিককে সেবা দিতে চাই। কোন ধর্মর মানুষ যেন বৈষম্যের শিকার না হয়। আমরা সেই অঙ্গীকারে ঐক্যবদ্ধ। চট্টগ্রামকে আমরা মডেল শহর হিসেবে গড়ে তুলবো যেখানে সকল মানুষ তাদের ধর্মীয় ও সামাজিক উৎসব পালন করবে নির্ভয়ে। আবুল হাশেম বক্কর বলেন, সনাতনীদের সঙ্গে বিএনপির যে সম্পর্কটা গড়ে উঠেছে সেটি অটুট থাকুক। আপনাদের অনুষ্ঠানে আমরা যেমন আসছি, আপনারাও আমাদের অনুষ্ঠানে যাবেন। পূর্বে যে রকম আমরা সম্প্রীতির মাধ্যমে বসবাস করেছে একইভাবে ভবিষ্যতেও থাকবো। আমাদের প্রধানমন্ত্রী রেইনবোনেশন গড়ার লক্ষ্যে কাজ করছেন। সেই কাজে আমাদের সকলকে সহযোগিতা করতে হবে। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন শ্রীশ্রী হনুমান জয়ন্তী উদযাপন পরিষদের সভাপতি শুভ দাশগুপ্ত। স্বাগত বক্তব্য রাখেন শ্রীশ্রী জন্মাষ্টমী উদযাপন পরিষদ বাংলাদেশ কেন্দ্রীয় কমিটির কার্যকরী সাধারণ সম্পাদক ও শ্রীশ্রী হনুমান জয়ন্তী উদযাপন পরিষদের প্রতিষ্ঠাতা উপদেষ্টা বিপ্লব দে পার্থ। মহান অতিথি ছিলেন চট্টগ্রাম মহানগর বিএনপির সাবেক সাধারণ সম্পাদক আবুল হাশেম বক্কর। বিশেষ অতিথি ছিলেন শ্রীশ্রী জন্মাষ্টমী উদযাপন পরবষদ

বাংলাদেশ কেন্দ্রীয় কমিটির সাধারণ সম্পাদক লায়ন আর কে দাশ রুপু, কার্যকরী সভাপতি আয়ান শর্মা, বাংলাদেশ হিন্দু বৌদ্ধ খ্রিস্টান কল্যাণ ফ্রন্টের সাংগঠনিক সম্পাদক রাজীব ধর তমাল, বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্টের ট্রাস্টি রুবেল বড়ুয়া, বাংলাদেশ গীতা শিক্ষা কমিটির উপদেষ্টা অধ্যাপক বনগোপাল চৌধুরী, শম্ভু দাশ, চট্টগ্রাম জেলা সৎসঙ্গে সভাপতি অনিল পাল, সাধারণ সম্পাদক সুমন ঘোষ বাদশা, শ্রীশ্রী জন্মাষ্টমী উদযাপন পরিষদ বাংলাদেশ চট্টগ্রাম মহানগর শাখার সাধারণ সম্পাদক ডা. রাজীব বিশ্বাস, শ্রীশ্রী আনন্দময়ী কালী মন্দির পরিচালনা পরিষদের সাধারণ সম্পাদক সুজন দাশ, কানুরাম দে, মেধসমুনি আশ্রমের দপ্তর সম্পাদক লিটন দে, ধর্ম বিষয়ক সম্পাদক উত্তম সেন, প্রতিষ্ঠাতা রাম সেবক তূর্য রুদ্র, রাম সেবক চেয়ারম্যান অনুপম দাশ, শ্রীশ্রী হনুমান জয়ন্তী উদযাপন পরিষদের সাধারণ সম্পাদক কাঞ্চন নাথ, অর্থ সম্পাদক দেবাশীষ সেন, সাংগঠনিক সম্পাদক মিঠু দাশ, দপ্তর সম্পাদক সুজন দাশ, সহ অর্থ সম্পাদক সুদেব নাথ প্রমুখ।

## অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্তদের পাশে মেয়র ডা. শাহাদাত: ত্রাণ ও নগদ অর্থ বিতরণ

চট্টগ্রামের ৯ নম্বর উত্তর পাহাড়তলী ওয়ার্ডের ইস্পাহানি রেলগেইট সংলগ্ন এলাকায় অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্তদের মাঝে ত্রাণ ও নগদ অর্থ বিতরণ করা হয়েছে।অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র ডা. শাহাদাত হোসেন। এ সময় তিনি ক্ষতিগ্রস্ত পরিবারগুলোর প্রতি গভীর সমবেদনা প্রকাশ করে বলেন, “অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্ত প্রতিটি পরিবারের পাশে চট্টগ্রাম সিটি কর্পোরেশন রয়েছে। তাদের পুনর্বাসনে যা যা প্রয়োজন, তা পর্যায়ক্রমে নিশ্চিত করা হবে। কোনো ক্ষতিগ্রস্ত পরিবারকে অসহায় অবস্থায় রাখা হবে না।”তিনি আরও বলেন, “দুর্যোগের সময় সবাইকে ঐক্যবদ্ধভাবে এগিয়ে আসতে হবে। সরকার ও সিটি কর্পোরেশনের পাশাপাশি সমাজের বিত্তবানদেরও ক্ষতিগ্রস্তদের সহায়তায় এগিয়ে আসা উচিত।”এ সময় আরও উপস্থিত ছিলেন আকবর শাহ থানা বিএনপির সাবেক সভাপতি ও ৯ নম্বর উত্তর পাহাড়তলী ওয়ার্ডের সাবেক কাউন্সিলর আলহাজ্ব আব্দুস সাত্তার সেলিম, ওয়ার্ড আহ্বায়ক রেহান উদ্দিন প্রধান, সিনিয়র যুগ্ম আহ্বায়ক হাবিবুর রহমান চৌধুরী, যুগ্ম আহ্বায়ক শাহারিয়ার জিয়া ও মো. সজল।এছাড়াও উপস্থিত ছিলেন নগর যুবদলের সাবেক সহ-সভাপতি দিদারুল ফেরদৌস দিদার, নগর স্বেচ্ছাসেবক দলের সাবেক সহ-সভাপতি শহীদুল্লাহ বাহার, যুগ্ম আহ্বায়ক জহিরুল হক টুটুল, সাবেক যুগ্ম সম্পাদক আনোয়ার হোসেন এরশাদ, খুলশী থানা যুবদলের সাবেক আহ্বায়ক মো. হেলাল, সিনিয়র যুগ্ম আহ্বায়ক আশিক মল্লিক, পাহাড়তলী থানা স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহ্বায়ক শামসুল হক রানা মির্জা, পাহাড়তলী থানা ছাত্রদলের যুগ্ম আহ্বায়ক মো. মোশারেফ হোসেন জুয়েল এবং ৯ নম্বর ওয়ার্ড স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক মো. শহীদসহ বিএনপি ও অঙ্গ-সহযোগী সংগঠনের বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ।ত্রাণ বিতরণ কর্মসূচিতে ক্ষতিগ্রস্ত পরিবারের মাঝে খাদ্যসামগ্রী, বস্ত্র ও নগদ অর্থ প্রদান করা হয়। সহায়তা পেয়ে ক্ষতিগ্রস্ত পরিবারগুলো সন্তোষ ও কৃতজ্ঞতা প্রকাশ করেন।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)
জনসংযোগ ও প্রটোকল কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
মোবাইল-০১৮১৯-৯৩০৪৮৮